৪৩.২০.৯১০০.০০১.১৬.০০১.১৯.৩৬২ (১-৩)

১৯ ভাদ্র ১৪২৭
৩ সেপ্টেম্বর ২০২০

# আগস্ট ২০২০ মাসের কার্যক্রমের তথ্যাদি

**০১। জাতীয় শোক দিবস উপলক্ষে জেলা শিল্পকলা একাডেমি সিলেটের মাসব্যাপী কর্মসূচি :** জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান-এর ৪৫তম শাহাদাৎ বার্ষিকী ও জাতীয় শোক দিবস ২০২০ পালন উপলক্ষে সিলেট জেলা শিল্পকলা একাডেমি মাসব্যাপী নানাবিধ কর্মসূচির পালন করেছে। প্রথম কর্মসূচি হিসেবে শোক ও শ্রদ্ধায় জাতির পিতাকে স্মরণের লক্ষ্যে 'শিল্পের আলোয় বঙ্গবন্ধু' শীর্ষক কর্মসূচি ১লা আগস্ট থেকে শুরু হয়ে ৩১ আগস্ট পর্যন্ত চলে। এই কার্যক্রমের অংশ হিসেবে ভার্চুয়াল পদ্ধতিতে প্রতিদিন বঙ্গবন্ধুকে নিয়ে রচিত গান, কবিতা আবৃত্তি, অসমাপ্ত আত্মজীবনী গ্রন্থ থেকে পাঠ বা ৭ই মার্চের ভাষণের ভিডিও জেলা শিল্পকলা একাডেমি সিলেটের ফেসবুক পেইজে উপস্থাপন/প্রচারের মাধ্যমে জাতির পিতার প্রতি একাডেমির প্রশিক্ষণার্থীরা শ্রদ্ধা নিবেদন করেছেন। এছাড়াও আয়োজন করা হয়েছে শিশু চিত্রাংকন প্রতিযোগিতার। প্রতিযোগিতাটি ৩টি বিভাগে অনুষ্ঠিত হয়েছে। তন্মধ্যে 'ক' বিভাগ : কেজি থেকে ৩য় শ্রেণি, বিষয় : "আমার বঙ্গবন্ধু"; 'খ' বিভাগ : ৪র্থ থেকে ৬ষ্ঠ শ্রেণি, বিষয় : "আমিই মুজিব"; 'গ' বিভাগ : ৭ম থেকে দশম শ্রেণি, বিষয় : "বঙ্গবন্ধুর স্বপ্নের সোনার বাংলা"। ১২ আগস্ট চিত্রাংকন প্রতিযোগিতায় বিজয়ীদের মধ্যে পুরস্কার বিতরণ করেন সিলেটের জেলা প্রশাসক এম কাজী এমদাদুল ইসলাম। অন্যান্য কর্মসূচির মধ্যে ১৫, ২০, ২৫ ও ৩১ আগস্ট প্রতিদিন রাত ৮:৩০মিনিট থেকে ভার্চুয়াল পদ্ধতিতে 'মুক্তির মহানায়ক' শীর্ষক আলোচনা ও বঙ্গবন্ধুকে নিবেদিত সাংস্কৃতিক অনুষ্ঠান জেলা শিল্পকলা একাডেমি সিলেটের ফেসবুক পেইজে সম্প্রচারিত হয়েছে।

**০২। অসচ্ছল সংস্কৃতিসেবী ও সাংস্কৃতিক সংগঠনকে অনুদান ও ভাতা প্রদান কার্যক্রম :** সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক ২০২০-২০২১ অর্থবছরে সক্রিয় সাংস্কৃতিক প্রতিষ্ঠান এবং আর্থিকভাবে অসচ্ছল সংস্কৃতিসেবীদের অনুদান ও ভাতা প্রদানের লক্ষ্যে স্থানীয়ভাবে ব্যাপক প্রচারণা ও কার্যক্রম গ্রহণ সাপেক্ষে বিনামূল্যে আবেদন ফরম বিতরণ চলছে।

**০৩। সিলেট মহানগর, জেলা ও বিভাগীয় পর্যায়ে অনলাইন সাংস্কৃতিক প্রতিযোগিতা আয়োজন ও পুরস্কার বিতরণ :** জাতীয় শোক দিবস ২০২০ উপলক্ষে সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের উদ্যোগে এবং বাংলাদেশ শিল্পকলা একাডেমির সহযোগিতায় দেশব্যাপী অনলাইন ভিত্তিক সাংস্কৃতিক প্রতিযোগিতা আয়োজনের অংশ হিসেবে সিলেট জেলা শিল্পকলা একাডেমির ব্যবস্থাপনায় সিলেট মহানগর, জেলা ও বিভাগীয় পর্যায়ে সাংস্কৃতিক প্রতিযোগিতার আয়োজন করা হয়েছে। ১২ আগস্ট সিলেট মহানগর, ১৪ আগস্ট সিলেট জেলা ও ২২ আগস্ট সিলেট বিভাগীয় পর্যায়ের অনলাইন ভিত্তিক সাংস্কৃতিক প্রতিযোগিতা আয়োজন করা হয়। ২৫ আগস্ট ২০২০ তারিখ সিলেট মহানগর ও জেলা পর্যায়ের বিজয়ীদের হাতে পুরস্কার তুলে দেন অনুষ্ঠানের প্রধান অতিথি সিলেটের জেলা প্রশাসক এম কাজী এমদাদুল ইসলাম। সিলেট বিভাগীয় পর্যায়ে আয়োজিত অনলাইন ভিত্তিক সাংস্কৃতিক প্রতিযোগিতার পুরস্কার বিতরণী অনুষ্ঠান ২৬ আগস্ট সিলেট জেলা শিল্পকলা একাডেমি মিলনায়তনে অনুষ্ঠিত হয়। বিভাগীয় কমিশনারের কার্যালয় সিলেটের আয়োজনে এবং জেলা শিল্পকলা একাডেমি সিলেটের ব্যবস্থাপনায় আয়োজিত পুরস্কার বিতরণী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে বিজয়ীদের মধ্যে পুরস্কার বিতরণ করেন সিলেট বিভাগীয় কমিশনার মোঃ মশিউর রহমান এনডিসি। জেলা কালচারাল অফিসার অসিত বরণ দাশ গুপ্তের সঞ্চালনায় অনুষ্ঠানে সভাপতিত্ব করেন জেলা প্রশাসক সিলেট এম কাজী এমদাদুল ইসলাম। সংগীত, আবৃত্তি ও ৭ই মার্চের ভাষণ এই তিনটি বিষয়ের দুটি গ্রুপে প্রতিযোগিতাটি অনুষ্ঠিত হয়। পুরস্কার বিতরণী শেষে প্রতি বিষয় ও গ্রুপের প্রথম স্থান অর্জনকারীরা নিজ নিজ সাংস্কৃতিক পরিবেশনা উপস্থাপন করেন।

**০৪। বঙ্গবন্ধুকে নিয়ে রচিত অঞ্চলভিত্তিক ১০টি মৌলিক গানের অডিও-ভিডিও রেকর্ডিং :** বাংলাদেশ শিল্পকলা একাডেমির উদ্যোগে এবং জেলা শিল্পকলা একাডেমি, সিলেটের আয়োজনে বঙ্গবন্ধুকে নিয়ে রচিত অঞ্চলভিত্তিক ১০টি মৌলিক গানের অডিও-ভিডিও রেকর্ডিং-এর কাজ ২৩ আগস্ট শেষ হয়েছে। এডিটিং এর কাজ চলছে।

*[চলমান পাতা -২]*